

স্মারক নং- এসকেএস/২০/২০০৩

০৩ নভেম্বর ২০২০ খৃঃ

### অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশন ও অঙ্গসংগঠন সমূহে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে কাজ করার জন্য বলা হলো।

- সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলা: যেমন- সর্বাবস্থায় বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা (চিকিৎসা কাজে নিয়োজিত কর্মীগণ ব্যতীত অন্য সকল ক্ষেত্রে পুনঃব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক পরিধান করা)। এর পাশাপাশি নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া ও দৈনিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া; পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা।
- করোনাভাইরাসের উপসর্গ দেখা দিলে আতঙ্কিত না হয়ে/লুকোচুরি না করে প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা ও অন্যান্য সেবা সহায়তা পাওয়ার জন্য সংস্থা কর্তৃক গঠিত টিমের ফোকাল পার্সন (আশরাফুল আলম, সমন্বয়কারী- পিআর এ্যান্ড সি, মোবাইল নং- ০১৭১৩৪৮৪৪১২) এর সহিত যোগাযোগ করা।
- সকল পর্যায়ে স্বাস্থ্যগত ঝুঁকি বিবেচনায় রেখে প্রচলিত মিটিং সমূহ সশরীরে না করে যথাসম্ভব অনলাইনে করা অথবা সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে তা করা।
- অফিস পর্যায়ে কোভিড-১৯ বিস্তার রোধে “মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry অথবা মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service” নিশ্চিত করা; সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা; হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড রাব/জীবাণুনাশক ইত্যাদি সংরক্ষণ করা; কর্মস্থল ও আশপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা; অফিসে ব্যবহৃত জিনিসপত্রসমূহ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা; অফিসে জনসমাগম এড়িয়ে চলা নিশ্চিত করা।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহমেদ লিটন

নির্বাহী প্রধান।

### অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি